



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ১১৮/২২

তারিখঃ ১২ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “হিবুত তাহরীর” এর ওয়ারেন্টভুক্ত প্রায় ০৮ বছর যাবৎ পলাতক ০২ (দুই) জন আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ২৬/৯/২০২২ খ্রি. রাত ২০:৩০ ঘটিকার সময় ঢাকা জেলার সাভার থানা এলাকায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “হিবুত তাহরীর” এর ওয়ারেন্টভুক্ত প্রায় ০৮ বছর যাবৎ পলাতক ০২ (দুই) জন আসামীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামীর নাম- ১। মোঃ রবিউল ইসলাম (২৯), পিতা- মোঃ জয়নাল আবেদিন, গ্রাম- ফুলপুর (কাজিপাড়া), থানা- চিরিরবন্দর, জেলা- দিনাজপুর, ২। মোঃ মাহফুজ হে রানা (২৮), পিতা- আতাউর কাজি, গ্রাম- ফুলপুর (কাজিপাড়া), থানা- চিরিরবন্দর, জেলা- দিনাজপুর। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তাদের নিকট থেকে ০২ টি মোবাইল ফোন জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে ডিএমপি শাহাবাগ থানার মামলা নং-৩৭, তাং-২৭/১২/২০১৩খ্রি., অভিযোগ পত্র নং- ৮০, তারিখ- ২৭/০৪/২০১৪ খ্রি., ধারা- সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৮/৯/১২/১৩ অভিযোগ পত্র দায়ের করা হয়েছিল যা বর্তমানে বিজ্ঞ আদালতে বিচারাধীন রয়েছে।

গ্রেফতারকৃত আসামী মোঃ রবিউল ইসলাম ও মোঃ মাহফুজ হে রানা গত ২৭/১২/২০১৩ খ্রি. তারিখ দুপুর ১৩:৫৫ ঘটিকার সময় ডিএমপি'র শাহাবাগ থানাধীন সেগুন বাগিচা কার্পেট গলির চৌরাস্তা হতে ‘হিবুত তাহরীর’ এর কতিপয় দুষ্কৃতিকারীদেরকে নিয়ে সরকার ও রাষ্ট্র বিরোধী এবং নাশকতামূলক কার্যক্রমের উদ্দেশ্যে মিছিল বাহির করে প্রেস ক্লাবের দিকে অগ্রসর হওয়া কালীন সময় শাহাবাগ থানা পুলিশ বাঁধা দিলে তারা উপর্যুপরি পুলিশের উপর আক্রমণ করে। পরবর্তীতে থানা পুলিশ উক্ত আসামীদ্বয়সহ কয়েকজনকে গ্রেফতার করে মামলা মূলে গত ২৮/১২/২০১৩ তারিখ বিজ্ঞ আদালতে সোপর্দ করেন। উল্লিখিত আসামীদ্বয় জামিনে গিয়ে পলাতক হয় এবং বিজ্ঞ আদালতে হাজির না হয়ে দেশের বিভিন্ন স্থানে আত্মগোপন করে পলাতক থাকায় তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি হয়। দীর্ঘ প্রায় ০৮ বছর পলাতক থাকার পর এটিইউ তাদেরকে গ্রেফতার করতে সক্ষম হয়।

গ্রেফতারকৃত আসামী মোঃ রবিউল ইসলাম ও মোঃ মাহফুজ হে রানা'র বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

২৭/০৯/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)